



বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ  
Embassy of Bangladesh  
Embajada de Bangladesh  
Madrid



"মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি"

নং- ১৯.০১.৩৪০১.৪০০.৯৮.০১৬.২০২১/০৫

০৫ এপ্রিল ২০২২

## বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান বিষয়ক বিজ্ঞপ্তি

বার্সেলোনা ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে বসবাসরত প্রবাসি বাংলাদেশীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৬ এপ্রিল (শনিবার) এবং ১৭ এপ্রিল (রবিবার) ২০২২ বার্সেলোনায় কনস্যুলার সার্ভিস প্রদান করা হবে।

**সেবা প্রদানের স্থান: Avda. Josep Tarradellas, 134 Bajos; 08029 Barcelona.**

০২। ৬০২৫৬২৫২০ নম্বরে WhatsApp এ নিজের নাম ও সেবার বিবরণ উল্লেখ করে একটি লিখিত ম্যাসেজ পাঠিয়ে (ফোন/ভয়েস রেকর্ডিং করে নয়) এপয়েন্টমেন্ট (ছিতা) অগ্রিম গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


### = ছিতা (এপয়েন্টমেন্ট) গ্রহণের নিয়মাবলী =

- ০৮ এপ্রিল হতে ১৩ এপ্রিল (রাত ৯.০০ ঘটিকা) পর্যন্ত এপয়েন্টমেন্ট (ছিতা) গ্রহণের জন্য নাম ও সেবার বিবরণ লিখে মাত্র একটি ম্যাসেজ প্রদান করুন। (একই চিতার জন্য বিভিন্ন নাম্বার থেকে ম্যাসেজ দিলে এপয়েন্টমেন্ট বাতিল বলে গণ্য হবে)।
- ১৩ এপ্রিল রাত ০৯.০০ ঘটিকার মধ্যে ম্যাসেজ প্রদান করার শেষ সময়। এরপরে আর কোন এপয়েন্টমেন্ট (ছিতা) প্রদান করা হবে না। ১৩ এপ্রিল রাত ৯.০০ ঘটিকার মধ্যে ম্যাসেজ প্রদান করে যদি কেউ এপয়েন্টমেন্ট না পান তাহলে ১৪ এপ্রিল সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত পুনরায় ম্যাসেজ প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- পাসপোর্ট ডেলিভারি নেয়ার ক্ষেত্রে পাসপোর্ট বিতরণ তালিকা হতে এনরোলমেন্ট (ESP100000....) আইডি নম্বরটি ম্যাসেজে অবশ্যই উল্লেখ করতে হবে।
- পরিবারের (স্বামী/স্ত্রী/সন্তান) একাধিক সদস্যের ক্ষেত্রে একটি এপয়েন্টমেন্ট নিলেই হবে। শিশুদের ক্ষেত্রে বাবা/মা এপয়েন্টমেন্ট নিবেন।

যেসব কাজের জন্য এপয়েন্টমেন্ট গ্রহণ করা যাবে	কি কি ডকুমেন্ট লাগবে?
১। পাসপোর্ট বিতরণ →	মূল ডেলিভারি স্লিপ, পুরাতন পাসপোর্ট, হারানো হলে লস্ট রিপোর্ট কপি, (স্বামী/স্ত্রী/সন্তান ব্যতীত একজনের পাসপোর্ট অন্যজনকে দেয়া হবে না)।
২। পাসপোর্ট রি-ইস্যু →	রি-ইস্যু ফরম, পাসপোর্ট এর প্রথম পাতার কপি, রেসিডেন্স কপি, পাসপোর্ট ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৩। ভিসার জন্য আবেদন →	অনলাইন ভিসা (NVR) আবেদন ফরম, ছবি ০২ কপি, বাংলাদেশী পাসপোর্ট ফটোকপি, (বাচ্চাদের হলে স্প্যানিশ জন্ম সনদ কপি ও পিতা-মাতার পাসপোর্ট কপি), ভিসা ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৪। ছয় (০৬) বছরের কম বয়সী বাচ্চাদের পাসপোর্টের আবেদন গ্রহণ →	অনলাইন পাসপোর্ট আবেদন ফরম, বাচ্চার ছবি (একটি ছোট, একটি বড়), পিতা-মাতার ছবি ও পাসপোর্ট কপি, বাংলাদেশী জন্ম সনদ কপি, স্প্যানিশ জন্মসনদ কপি, পাসপোর্ট ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৫। স্পেনে জন্মগ্রহণকারীর বাচ্চার জন্য জন্মসনদ →	অনলাইন জন্মসনদ আবেদনপত্র, পিতা মাতার জন্মসনদ কপি, পিতা মাতার পাসপোর্ট কপি, স্প্যানিশ জন্মসনদ কপি, বাচ্চার ছবি, ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৬। কাগজপত্র/পাওয়ার অব এ্যাটর্নি সত্যায়ন →	সংশ্লিষ্ট মূল কাগজপত্র, সত্যায়ন ফি, (প্রযোজ্য ক্ষেত্রে দুইজন স্বাক্ষর ও প্রয়োজনীয় কাগজপত্র)
৭। সার্টিফিকেট →	সার্টিফিকেটের আবেদন ও বাংলাদেশী পাসপোর্টের ফটোকপি, সার্টিফিকেট ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৮। পুলিশ ক্রিমারেস আবেদনপত্র সত্যায়ন →	আবেদনপত্র ০৩ কপি, পাসপোর্টের প্রথম পাতার ফটোকপি ০৩ কপি, ছবি ০৬ কপি, ফি ব্যাংক কার্ডে/ট্রান্সফারের মাধ্যমে
৯। ট্রাভেল পারমিট →	ট্রাভেল পারমিট ফরম, পাসপোর্টের ফটোকপি, ০৪ কপি ছবি, পুলিশ রিপোর্ট (হারানো পাসপোর্ট হলে)।
১০। কল্যাণ বোর্ডের সদস্যপদ আবেদন গ্রহণ →	অনলাইন ফরম, পাসপোর্টের কপি, রেসিডেন্স কার্ড কপি, ০২ কপি ছবি, ফি ৪০ ইউরো

০৩। সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত এপয়েন্টমেন্টের সময়ের ১০ মিনিট পূর্বেই উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। উপস্থিত হয়ে ছিতার সিরিয়াল নাম্বার বলতে হবে। দূতাবাস থেকে প্রদানকৃত ছিতার সময় পরিবর্তন করা যাবে না এবং নির্ধারিত সময়ে কেউ না আসলে ছিতা বাতিল মর্মে গণ্য হবে।

০৪। কনস্যুলার সেবার ফি দূতাবাসের ব্যাংক একাউন্টে জমা প্রদানের মাধ্যমে অথবা সরাসরি ব্যাংক কার্ডের মাধ্যমে পরিশোধ করতে হবে। কনস্যুলার ফি নগদ গ্রহণ করা হয় না। কনস্যুলার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।



কর্তৃপক্ষ